মন্ত্রিপরিষদ বিভাগের নভেম্বর ২০১৪ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: **মন্ত্রিপরিষদ বিভাগ**

প্রতিবেদনাধীন মাসের নাম: **নভেম্বর ২০১৪** প্রতিবেদন প্রস্তুতের তারিখ: **১৭ ডিসেম্বর ২০১৪**

(১) প্রশাসনিক:

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়: **মন্ত্রিপরিষদ বিভাগ**	২০৮	১৭৮	৩০
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন**	১,২৬৪	৯৭১	২৯৩
মোট	**১,৪৭২**	**১,১৪৯**	**৩২৩**

ক. ২ শূন্য পদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	০৪	০৫	১৫	০৬	৩০
দুর্নীতি দমন কমিশন	-	-	৫৩	১৯	৯৭	০১	১৭০*

* সুপারনিউমারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা

ক্রমিক	মন্ত্রণালয়/বিভাগ	গুরুত্বপূর্ণ শূন্য পদের নাম	গুরুত্বপূর্ণ শূন্য পদের সংখ্যা	মোট গুরুত্বপূর্ণ শূন্য পদের সংখ্যা
১।	**মন্ত্রিপরিষদ বিভাগ**	-	-	-
২।	**দুর্নীতি দমন কমিশন**	-	-	-

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-	-	–
দুর্নীতি দমন কমিশন	০৪	-	০৪	০১	-	০১	২ জন পরিচালক পদে, ২ জন উপপরিচালক পদে পদোন্নতি পেয়েছেন এবং ১ জন সহকারী পরিচালক চাকরিতে যোগদান করেছেন।

ক.৫ শূন্য পদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		প্রতিমন্ত্রী/ উপমন্ত্রী		মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	-
উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন)	-	-	-	-	-	-	

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: প্রযোজ্য নয়।

(২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য): প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক (কেবল অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নাম:

প্রকল্পের নাম	বর্তমান অর্থ-বছরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়)	প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার	প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা	প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
Supporting the Good Governance Programme (SGGP)	-	▪ জুন ২০১৩ পর্যন্ত ব্যয় হয় ৭ কোটি ২৫ লক্ষ টাকা (এডিবি এবং জিওবি অর্থায়ন) ব্যয়ের হার ৯৫ শতাংশ। ▪ নভেম্বর ২০১৪ মাসে প্রকল্পে কোন ব্যয় হয়নি।	কোন নতুন প্রকল্প অনুমোদিত হয় নি।	-	প্রকল্পের কাজ চলমান রয়েছে।

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

(৫) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে পূরণ করতে হবে): প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান: প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/সংস্থার নাম	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	ব্রডশীটে জবাবের সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	জের	মন্তব্য
মন্ত্রিপরিষদ বিভাগ	৭টি	০.২৩	০০	০০	০৭টি	মন্ত্রিপরিষদ বিভাগের সাতটি অডিট আপত্তি মামলা ঢাকার চতুর্থ সহকারী জজ আদালতে (মামলা নং-৭/২০০০) বিচারাধীন রয়েছে।

মন্ত্রণালয়/সংস্থার নাম	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	ব্রডশীটে জবাবের সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	জের	মন্তব্য
বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ড ও বিলুপ্ত উপকূলীয় দ্বীপাঞ্চল উন্নয়ন বোর্ড	১৭টি	২৮৩.১৫	-	-	১৭টি	ত্রিপক্ষীয় অডিট কমিটির সভা অনুষ্ঠানের মাধ্যমে আপত্তিসমূহ নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে।
দুর্নীতি দমন কমিশন	০৪টি	৭০০.০০	০৪	-	০৪টি	-
মোট	২৮টি	৯৮৩.৩৮	০৪	০০	২৮টি	-

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে সব কেইসের তালিকা: নেই।

(৮) শৃঙ্খলা/ বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থ-বছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
		চাকরিচ্যুতি/বরখাস্ত	অন্যান্য দন্ড	অব্যাহতি		
১	২	৩	৪	৫	৬	৭
মন্ত্রিপরিষদ বিভাগ-১	-	-	-	-	১	-
দুর্নীতি দমন কমিশন- ১২	-	-	-	-	১২	০১

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/সংস্থা	ক্রমিক	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা / এজেন্সির নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬
মন্ত্রিপরিষদ বিভাগ	১।	'Civil Registration and Vital Statistics in Asia and the Pacific' **স্থান:** থাইল্যান্ড	২৪-২৮ নভেম্বর ২০১৪	World Health Organization	১ জন (ভারপ্রাপ্ত সচিব)
	২।	'7th Policy, Planning and Management Course **স্থান:** বিপিএটিসি, সাভার, ঢাকা	৩০ নভেম্বর ২০১৪ থেকে ১১ ডিসেম্বর ২০১৪	জনপ্রশাসন মন্ত্রণালয়	১ জন (অতিরিক্ত সচিব)
	৩।	'National Government Administration for Senior Officials' **স্থান:** জাপান	০৯-২৯ নভেম্বর ২০১৪	Japan International Cooperation Agency	২ জন (যুগ্মসচিব)
	৪।	'Public Service Excellence and the Post-2015 Development Agenda' **স্থান:** সিঙ্গাপুর	১৭-১৯ নভেম্বর ২০১৪	United Nations Development Programme	১ জন (উপসচিব)
	৫।	১৪তম সরকারি ক্রয় ব্যবস্থাপনা কোর্স	০৯-২০ নভেম্বর ২০১৪	জনপ্রশাসন মন্ত্রণালয়	১ জন (সিনিয়র সহকারী সচিব)

মন্ত্রণালয়/সংস্থা	ক্রমিক	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা / এজেন্সির নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬
		স্থান: বিসিএস প্রশাসন একাডেমী, ঢাকা			
দুর্নীতি দমন কমিশন	৬।	'Criminal justice Response to Corruption(j-1404005) স্থান: জাপান	০৫ অক্টোবর ২০১৪ থেকে ১২ নভেম্বর ২০১৪	-	১ জন উপ-পরিচালক

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা: আয়োজন করা হয়নি।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্ দ্য জব ট্রেনিং (OJT) এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্ দ্য জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: হ্যাঁ আছে; কোন অসুবিধা নেই।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: চার জন।

(১০) **উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সঙ্কট:**

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকা: নেই।

খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) মন্ত্রিসভার চারটি, সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির তিনটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির একটি, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির দুইটি, জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির একটি এবং মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত দুইটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়।

(২) সমরপুস্তক হালনাগাদকরণ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটির ৩৪তম সভা ২৬ নভেম্বর ২০১৪ তারিখে প্রতিরক্ষা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত হয়।

(৩) বিভাগীয় কমিশনার এবং মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত অক্টোবর দ্বিতীয় পক্ষ এবং নভেম্বর প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দুইটি সার-সংক্ষেপ যথাক্রমে ০৭ নভেম্বর ২০১৪ এবং ২৫ নভেম্বর ২০১৪ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী বরাবর উপস্থাপন করা হয়।

(৪) ২৩ নভেম্বর ২০১৪ তারিখে বিভাগীয় কমিশনারগণের মাসিক সমন্বয় সভায় ৪৩টি সিদ্ধান্ত গৃহীত হয়।

(৫) ১৬ ও ২৪ নভেম্বর ২০১৪ তারিখে জামালপুর জেলার আইন-শৃঙ্খলা সভার সদস্যদের সঙ্গে এবং মৌলভীবাজার ও পাবনা জেলার জেলা উন্নয়ন সমন্বয় ও আইন-শৃঙ্খলা সভার সদস্যদের সঙ্গে একটি করে মোট তিনটি ভিডিও কনফারেন্সিং অনুষ্ঠিত হয়। ২৪ নভেম্বর ২০১৪ তারিখে বিভাগীয় কমিশনার, সিলেট ও বিভাগীয় কমিশনার, রাজশাহীর সঙ্গে একটি করে মোট দুইটি ভিডিও কনফারেন্সিং অনুষ্ঠিত হয়।

(৬) শূন্য পদ পূরণ, আবশ্যকীয় নুতন পদ সৃজন ও এই সকল পদে নিয়োগের প্রক্রিয়া ত্বরান্বিত করার বিষয়ে সুপারিশ প্রণয়ন এবং এইগুলি বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য গঠিত কমিটির কার্যপরিধিতে একটি নতুন বিষয় অন্তর্ভুক্ত করা হয়।

(৭) মন্ত্রিপরিষদ বিভাগের ২০১৪-১৫ অর্থ-বছরের বাজেট বাস্তবায়ন পরিকল্পনা এবং প্রথম কোয়ার্টারের বাজেট বাস্তবায়ন পরিবীক্ষণ প্রতিবেদন অর্থ বিভাগে প্রেরণ করা হয়।

(৮) মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ আবদুল হামিদ সরকারি সফরে ০৬ নভেম্বর ২০১৪ তারিখ গণপ্রজাতন্ত্রী চীন ও প্রজাতন্ত্রী সিঙ্গাপুরের উদ্দেশে ঢাকা ত্যাগ এবং ১৬ নভেম্বর ২০১৪ তারিখ ঢাকায় প্রত্যাবর্তন করেন। মহামান্য রাষ্ট্রপতির প্রস্থান ও প্রত্যাবর্তনকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।

(৯) দশম জাতীয় সংসদের অধিবেশন চলাকালীন নিম্নলিখিত মন্ত্রণালয় দুইটির সংসদ বিষয়ক যাবতীয় কার্য নিম্নরূপভাবে সম্পাদিত হবে মর্মে ১২ নভেম্বর ২০১৪ তারিখে প্রজ্ঞাপন জারি করা হয়:

ক্রম	মন্ত্রীর নাম	জাতীয় সংসদে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়ের নাম	কলাম ২-এ উল্লিখিত মন্ত্রীর অনুপস্থিতিতে তাঁর বিকল্প হিসাবে যিনি জাতীয় সংসদ সংক্রান্ত দায়িত্ব পালন করবেন
১।	জনাব ওবায়দুল কাদের মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়	(ক) সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়	জনাব মোঃ মুজিবুল হক মন্ত্রী, রেলপথ মন্ত্রণালয়
		(খ) ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়	জনাব জুনাইদ আহ্‌মেদ পলক প্রতিমন্ত্রী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

(১০) বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল সফরকারী জিম্বাবুয়ে ক্রিকেট দলের বিরুদ্ধে বাংলাদেশে অনুষ্ঠিত বসুন্ধরা সিমেন্ট আন্তর্জাতিক ক্রিকেট টেস্ট সিরিজে জিম্বাবুয়ে ক্রিকেট দলকে ৩-০ ব্যবধানে হারিয়ে সিরিজ জয় করে। বাংলাদেশের সাকিব আল হাসান ম্যান অব দ্য সিরিজ নির্বাচিত হয়েছেন। এ সাফল্যে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের সফল অধিনায়ক মুশফিকুর রহিমসহ সকল খেলোয়াড়, কোচ, কর্মকর্তা, বাংলাদেশ ক্রিকেট বোর্ড এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়কে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে এবং নিরলস অনুশীলনের মাধ্যমে বাংলাদেশ আগামীতেও ক্রিকেটে কাঙ্ক্ষিত বিজয় অর্জন করে জাতির গৌরব বৃদ্ধি করবে মর্মে দৃঢ় আশাবাদ ব্যক্ত করে মন্ত্রিসভার ১৭ নভেম্বর ২০১৪ তারিখের বৈঠকে একটি অভিনন্দন প্রস্তাব গৃহীত হয়। এ সংক্রান্ত প্রজ্ঞাপন সকলের অবগতির জন্য প্রকাশ করা হয়।

(১১) বিশিষ্ট শিক্ষাবিদ প্রফেসর জিল্লুর রহমান সিদ্দিকী গত ১১ নভেম্বর ২০১৪ তারিখে ঢাকায় ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে ... রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৬ বছর। মুক্তচিন্তার অধিকারী শিক্ষাবিদ ও সাহিত্যিক প্রফেসর জিল্লুর রহমান সিদ্দিকীর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ ও তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ১৭ নভেম্বর ২০১৪ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব প্রস্তাব গৃহীত হয়। এ সংক্রান্ত প্রজ্ঞাপন সকলের অবগতির জন্য প্রকাশ করা হয়।

(১২) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা দক্ষিণ এশীয় আঞ্চলিক সহযোগিতা সংস্থা (সার্ক)-এর ১৮তম শীর্ষ সম্মেলনে যোগদানের জন্য ২৫ নভেম্বর ২০১৪ তারিখ নেপালের উদ্দেশে ঢাকা ত্যাগ করেন। মাননীয় প্রধানমন্ত্রীর প্রস্থানকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।

(১৩) বিশিষ্ট স্থপতি এবং সাভারে অবস্থিত জাতীয় স্মৃতিসৌধের নকশা প্রণেতা সৈয়দ মাইনুল হোসেন গত ১০ নভেম্বর ২০১৪ তারিখে ঢাকায় ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে ... রাজিউন)। তাঁর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ ও তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ১৭ নভেম্বর ২০১৪ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গৃহীত হয়। এ সংক্রান্ত প্রজ্ঞাপন সকলের অবগতির জন্য প্রকাশ করা হয়।

(১৪) ০৯ নভেম্বর ২০১৪ তারিখে 'ক্যাপাসিটি ডেভেলপমেন্ট অব ক্যাবিনেট ডিভিশন' শীর্ষক কর্মসূচির আওতায় Business English Communication skill course for the 1st Class Officers of Cabinet Division সংক্রান্ত প্রশিক্ষণ সমাপ্ত হয়।

(১৫) শ্রীলংকায় নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার কর্তৃক প্রেরিত শ্রীলংকার সঙ্গে বাংলাদেশের দ্বিপাক্ষিক সহযোগিতার প্রস্তাব সংবলিত ধারণাপত্র চূড়ান্ত করার লক্ষ্যে এবং এ বিষয়ে পরবর্তী করণীয় নির্ধারণের জন্য ০৯ নভেম্বর ২০১৪ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়।

(১৬) ১২, ১৩ ও ১৫ নভেম্বর ২০১৪ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের উদ্যোগে এবং বিশ্বব্যাংকের সহযোগিতায় ঢাকাস্থ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে 'সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি প্রণয়ন ও বাস্তবায়ন' শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়। ১২

ও ১৩ নভেম্বর বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের অতিরিক্ত সচিব/যুগ্ম সচিব এবং ১৫ নভেম্বর সরকারের সচিবগণ কর্মশালায় অংশগ্রহণ করেন।

(১৭) তথ্য কমিশনের উদ্যোগে জেলা ও উপজেলা পর্যায়ে জনঅবহিতকরণ সভা ও প্রশিক্ষণ কর্মসূচি আয়োজনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য সংশ্লিষ্ট জেলায় (শেরপুর, ফরিদপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ ও রাজবাড়ি) পত্র দেওয়া হয়।

(১৮) বিভাগীয় কমিশনার সম্মেলনের সিদ্ধান্ত অনুসারে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন এবং এ বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ, সেমিনার এবং ওয়ার্কশপ আয়োজনের খাতে পর্যাপ্ত অর্থ বরাদ্দ রাখার জন্য সকল মন্ত্রণালয়/বিভাগে পত্র দেওয়া হয়।

(১৯) জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সহায়ক প্রকল্প (NIS Support Project)-এর আওতায় Baseline Survey সম্পাদনে সহায়তা প্রদানের জন্য সকল মন্ত্রণালয়/বিভাগ/চিহ্নিত সংস্থায় এবং চিহ্নিত জেলায় (ঢাকা, শরীয়তপুর, বগুড়া ও পাবনা) পত্র দেওয়া হয়।

(২০) সরকারি দপ্তরে কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশ প্রণয়নের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের উদ্যোগে সচিব (সমন্বয় ও সংস্কার)-কে সভাপতি করে আট সদস্যের একটি কোর কমিটি গঠন করা হয়।

(২১) মন্ত্রিপরিষদ বিভাগের রাজস্ব বাজেটের আওতায় বাস্তবায়নের জন্য 'ক্যাপাসিটি ডেভেলপমেন্ট অব ফিল্ড এ্যাডমিনিস্ট্রেশন' শীর্ষক কর্মসূচির পিপিএনবি অনুমোদনের জন্য অর্থ বিভগে প্রেরণ করা হয়।

(২২) সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা (২০১৬-২০) প্রণয়নের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের মতামত পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়।

(২৩) ২০১৪-১৫ অর্থ-বছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্য প্রতিবেদন পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়।

(২৪) ন্যাশনাল ই-সার্ভিস সিস্টেম এবং ইউনিয়ন ডিজিটাল সেন্টারের ড্যাশবোর্ড মনিটরিং সংক্রান্ত নভেম্বর ২০১৪ মাসের কার্যক্রমের একটি প্রতিবেদন প্রস্তুত করা হয়।

(২৫) ২৪ নভেম্বর ২০১৪ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর সঙ্গে ভিডিও কনফারেন্স-এর সময় নেটওয়ার্ক সংযোগ বিচ্ছিন্ন হওয়ার কারণ অনুসন্ধানপূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য বিটিসিএল-কে ২৭ নভেম্বর ২০১৪ তারিখে পত্র দেওয়া হয়।

(২৬) মন্ত্রিপরিষদ বিভাগের তত্ত্বাবধানে পরিচালিত ন্যাশনাল ই-সেবা কেন্দ্র, জেলা তথ্য বাতায়ন, ভিডিও কনফারেন্সিং সিস্টেম, মাল্টিমিডিয়া ক্লাসরুম এবং ইউনিয়ন ডিজিটাল সেন্টারের সার্বিক কার্যক্রম পরিদর্শন ও পরিবীক্ষণ করার লক্ষ্যে ২৫ নভেম্বর ২০১৪ তারিখে একটি অফিস আদেশ জারি করা হয়।

(২৭) বিভাগীয় পর্যায়ে ইনোভেশন সার্কেল আয়োজন করার জন্য সকল বিভাগীয় কমিশনারকে ১৭ নভেম্বর ২০১৪ তারিখে পত্র দেওয়া হয়।

(২৮) ১৭ নভেম্বর ২০১৪ তারিখে জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ১৭৪তম সভা অনুষ্ঠিত হয়।

(২৯) জাতীয় ক্রিকেট বোর্ডের পরিচালক জনাব শেখ সোহেল-এর বাসভবন লক্ষ্য করে গুলিবর্ষণ সংক্রান্ত প্রতিবেদন সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।

(৩০) কারাগারে আটক শিশু/কিশোরদের অবস্থার উন্নয়নের লক্ষ্যে গঠিত টাস্কফোর্সের ১৭তম সভার সিদ্ধান্ত বাস্তবায়নের হালনাগাদ তথ্য প্রেরণের জন্য টাস্কফোর্সের ২২জন সদস্য বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩১) পিরোজপুর জেলার ভান্ডারিয়া সরকারি কলেজের ছাত্রসংসদ কক্ষে জাতির পিতা ও মাননীয় প্রধানমন্ত্রীর ছবি ক্ষতিসাধন সংক্রান্ত প্রতিবেদন সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।

(৩২) রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের শিক্ষককে কুপিয়ে হত্যা সংক্রান্ত প্রতিবেদন সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।

(৩৩) পুলিশ সুপার, নরসিংদীর অসহযোগিতা ও অসদাচরণ সম্পর্কে জেলা প্রশাসক, নরসিংদীর প্রতিবেদন সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।

(৩৪) ময়মনসিংহ জেলার আইন-শৃঙ্খলা সংক্রান্ত প্রতিবেদন সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় বরাবর প্রেরণ করা হয়।

(৩৫) অক্টোবর ২০১৪ মাসের পরিসংখ্যান অনুযায়ী কারাগারে আটক শিশু-কিশোরদের মুক্তিদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা ম্যাজিস্ট্রেট, দিনাজপুর, কক্সবাজার ও চুয়াডাঙ্গা বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৬) জেলা ম্যাজিস্ট্রেট কর্তৃক শেরপুর জেলার শ্রীবর্দী থানা পরিদর্শন প্রতিবেদন সংক্রান্ত পত্র সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।

(৩৭) বন বিভাগের কর্মকর্তাগণকে উদ্ধারের বিষয়ে যৌথ অভিযান পরিচালনা সংক্রান্ত প্রতিবেদন সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।

(৩৮) রাজবাড়ী জেলার পাংশা উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান সন্ত্রাসীদের গুলিতে নিহত হওয়া সংক্রান্ত প্রতিবেদন সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।

(৩৯) দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বিভিন্ন মামলায় চার্জশীটভুক্ত ১৫৫ জন, বিজ্ঞ আদালতে এফআরটি গৃহীত হওয়ায় ছয় জন, নথিভুক্তির মাধ্যমে ১১৫ জন এবং তদন্তে অপরাধ প্রমাণিত না হওয়া ৫৮ জন সরকারি কর্মকর্তা/কর্মচারীর বিষয়ে অবগত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়।

(৪০) বিভিন্ন আইনে ১০জন কর্মকর্তাকে মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা/ডেপুটি কমিশনারের ক্ষমতা অর্পণ করা হয়।

(৪১) বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণ অক্টোবর ২০১৪ মাসে প্রমাপ অনুয়ায়ী ভ্রমণ, রাত্রিযাপন, পরিদর্শন, দর্শন করেছেন। এজন্য প্রমাপ অর্জনকারী কর্মকর্তাদের ধন্যবাদ জ্ঞাপন এবং প্রমাপ অর্জনের এ ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। জেলা প্রশাসকগণের পরিদর্শনের বিষয়টি মন্ত্রিপরিষদ বিভাগের KPI (Key Performance Indicators)-ভুক্ত এবং এ মাসের KPI-এর লক্ষ্যমাত্রা অর্জিত হয়।

(৪২) বিভিন্ন দেশের High Commissioner, Ambassador ও দূতাবাসের কর্মকর্তাবৃন্দ বিভিন্ন জেলা সফর করেন। সফরকালে তাঁদেরকে উপযুক্ত সৌজন্য প্রদর্শন, প্রয়োজনীয় সহযোগিতা প্রদান ও নিরাপত্তা বিধানের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণকে নির্দেশনা প্রদান করা হয়।

(৪৩) জনাব মো: মঈন উদ্দিন, অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ ২৫ অক্টোবর ২০১৪ তারিখে হবিগঞ্জ জেলা; জনাব মো: সাইদুর রহমান, উপসচিব ২৬ অক্টোবর ২০১৪ তারিখে খাগড়াছড়ি জেলার দীঘিনালা উপজেলা এবং জনাব হাবিবুর রহমান, উপসচিব ২৮ অক্টোবর ২০১৪ তারিখে সিলেট জেলার বালাগঞ্জ উপজেলা পরিদর্শন করেন। পরিদর্শন প্রতিবেদনের মন্তব্য/সুপারিশের ওপর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে পত্র দেওয়া হয়।

(৪৪) ১২-১৯ নভেম্বর ২০১৪ মেয়াদে তুরস্ক সফরের নিমিত্ত জেলা প্রশাসক, গোপালগঞ্জকে কর্মস্থল ত্যাগের অনুমতি প্রদান করা হয়।

(৪৫) ২৩ ডিসেম্বর ২০১৪ তারিখ মঙ্গলবার দশম জাতীয় সংসদের ৬৪ সিরাজগঞ্জ-৩ নির্বাচনি এলাকার শূন্য ঘোষিত আসনের নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১-এর বিধান অনুসরণ এবং নির্বাচন কমিশনকে সহযোগিতা করার জন্য দুইটি পরিপত্র জারি করা হয়।

(৪৬) বাংলাদেশ প্রশিক্ষণ ও উন্নয়ন সমিতি (বিএসটিডি) কর্তৃক আয়োজিত ১৪তম প্রটোকল ফর্মালিটিজ এন্ড আর্টিকুলেশন কোর্সটিতে অংশগ্রহণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৪৭) মাঠ প্রশাসনে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের ১৮ জন কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেছে। পূর্বে প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে নয় জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত না হওয়ায় নথিজাত করার জন্য এবং তিন জন কর্মকর্তার বিরুদ্ধে তদন্তে প্রাথমিকভাবে অভিযোগ প্রমাণিত হওয়ায় বিভাগীয় মামলা রুজুর জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জনপ্রশাসন মন্ত্রণালয়কে জানিয়ে দেওয়া হয়।

(৪৮) রিট পিটিশন নম্বর-৮৬৪৩/২০১৪ এ মহামান্য হাইকোর্টের প্রদত্ত নির্দেশনা 'সড়ক ও মহাসড়কে দুর্ঘটনা হ্রাসের জন্য অবৈধ ও ফিটনেসবিহীন মোটরযান যেমন নসিমন-করিমন, ভটভটি ও মাহিন্দ্র দ্রুত বন্ধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের' বিষয়ে ০২ নভেম্বর ২০১৪ তারিখে জেলা প্রশাসক, ফরিদপুর, বরিশাল, খুলনা, মাদারীপুর ও রাজবাড়ী বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৪৯) দেশের সকল মহাসড়কে দুর্ঘটনা নিয়ন্ত্রণ এবং শৃঙ্খলা বিধানের জন্য অবৈধ, ফিটনেসবিহীন মোটরযান, লাইসেন্সবিহীন ড্রাইভার, জাতীয় ও আঞ্চলিক মহাসড়কে চলাচলকারী ইজিবাইক, নসিমন, করিমন, ভটভটির বিরুদ্ধে সর্বাত্মক অভিযান পরিচালনার বিষয়ে ০৫ নভেম্বর ২০১৪ তারিখে সকল বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৫০) ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধের সময় পাক হানাদার বাহিনী ও তাদের সহযোগী শান্তি কমিটি, রাজাকার, আলবদর ও আল-শামস বাহিনী কর্তৃক সংঘটিত হত্যা, গণহত্যা, ধর্ষণ, লুণ্ঠন, অগ্নিসংযোগ এবং অন্যান্য মানবতাবিরোধী অপরাধের তদন্ত কাজে সহায়তার জন্য তথ্য উপাত্ত প্রেরণের বিষয়ে ০৫ নভেম্বর ২০১৪ তারিখে জেলা প্রশাসক, খুলনা বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৫১) 'জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতাভিত্তিক প্রশিক্ষণ' শীর্ষক কর্মসূচির জেলা পর্যায়ের নির্বাচন কমিটিতে জেলা প্রশাসকের প্রতিনিধি অন্তর্ভুক্তকরণে মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি পত্র সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।

(৫২) পরিবেশ ও বন মন্ত্রণালয় পরিদর্শনকালে মাননীয় প্রধানমন্ত্রী প্রদত্ত নির্দেশনা বাস্তবায়নের বিষয়ে সকল বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৫৩) জেলা প্রশাসক-জেলা ম্যাজিস্ট্রেট যৌথ সীমান্ত সম্মেলনের বিষয়ে সকল বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৫৪) বাজারে প্রচলিত অবৈধ এনার্জি ড্রিংকসের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের বিষয়ে সকল বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৫৫) স্থল বন্দরসমূহের ব্যবস্থাপনায় গঠিত উপদেষ্টা কমিটিতে বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারকে অন্তর্ভুক্ত করার বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি পত্র সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।

(৫৬) বিশৃঙ্খলা ও নাশকতামূলক কর্মকাণ্ড প্রতিরোধসহ স্বাভাবিক রেল যোগাযোগ ব্যবস্থা চালু রাখার বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য সকল বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৫৭) চাঁদপুর সড়ক বিভাগের অধীন চাঁদপুর-নানপুর-চান্দ্রা-কামতাবাজার-রামগঞ্জ সড়কের সংস্কার বিষয়ে সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৫৮) পাক্ষিক গোপনীয় প্রতিবেদনে উপস্থাপিত এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত প্রস্তাব বাস্তবায়নের বিষয়ে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং সকল বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৫৯) ১৮ নভেম্বর ২০১৪ তারিখে মহামান্য রাষ্ট্রপতির রাজশাহী জেলা সফর উপলক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ১৬ নভেম্বর ২০১৪ তারিখে বিভাগীয় কমিশনার, রাজশাহী ও জেলা প্রশাসক, রাজশাহী বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৬০) চট্টগ্রাম ও হবিগঞ্জ জেলায় মাননীয় প্রধানমন্ত্রীর সফর উপলক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ০৩ ও ১০ নভেম্বর ২০১৪ তারিখে যথাক্রমে বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম ও জেলা প্রশাসক, চট্টগ্রাম এবং বিভাগীয় কমিশনার, সিলেট ও জেলা প্রশাসক, হবিগঞ্জ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৬১) নিষিদ্ধ ঘোষিত সংগঠন 'হিযবুত তাওহীদ'-এর প্রচারণার নতুন কৌশলের বিষয়ে ব্যবস্থা গ্রহণের নিমিত্ত সকল সিনিয়র সচিব/সচিব এবং বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৬২) আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির চতুর্থ সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ে সকল বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়।

গ. আগামী দুই (ডিসেম্বর-জানুয়ারি) মাসে সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) মন্ত্রিসভা-বৈঠক অনুষ্ঠান।

(২) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠান।

(৩) সরকারি ক্রয় সংক্রান্ত ও অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক অনুষ্ঠান।

(৪) আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৫) সমরপুস্তক হালনাগাদকরণ সংক্রান্ত কার্যাবলি।

(৬) ১৯৮৮ সালে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের দলিলাদির সংরক্ষণের মেয়াদ ২৫ বছর অতিক্রান্ত হওয়ায় তা জাতীয় আরকাইভস এ হস্তান্তর করা হতে পারে।

(৭) মন্ত্রণালয়/বিভাগসমূহের ২০১৩-১৪ অর্থ-বছরের কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন মুদ্রণ ও বিতরণ।

(৮) দশম জাতীয় সংসদের ২০১৫ সালের প্রথম অধিবেশনের সূচনায় মহামান্য রাষ্ট্রপতির ভাষণের খসড়া প্রণয়ন।

(মোঃ আবদুল্লাহ হারুন)
সিনিয়র সহকারী সচিব
রিপোর্ট শাখা
মন্ত্রিপরিষদ বিভাগ।